

■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩২৪৪

৫০/ কুরআন তাফসীর (ﷺ) পরিচ্ছেদঃ সূরা যুমার

بَابُّ: وَمِنْ سُورَةِ الزُّمَرِ

আরবী

حَدَّثَنَا أَبُو كُرِيْبٍ، حَدَّثَنَا عَبْدَةُ بْنُ سُلَيْمَانَ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَمْرٍو، حَدَّثَنَا أَبُو سَلَمَة، عَنْ أَبِي هُرَيْرَة، قَالَ قَالَ يَهُودِيٌّ بِسُوقِ الْمَدِينَةِ لاَ وَالَّذِي اصْطَفَى مُوسَى عَلَى الْبَشَرِ. عَنْ أَبِي هُرَيْرَة، قَالَ قَالَ يَهُودِيٌّ بِسُوقِ الْمَدِينَةِ لاَ وَالَّذِي اصْطَفَى مُوسَى عَلَى الْبَشَرِ. قَالَ فَرَفَعَ رَجُلٌ مِنَ الأَنْصَارِ يَدَهُ فَصَلَكَ بِهَا وَجْهَهُ قَالَ تَقُولُ هَذَا وَفِينَا نَبِيُّ اللَّهِ صلى الله عليه وسلم (ونُفِخَ فِي الصُّورِ فَصَعِقَ مَنْ الله عليه وسلم . فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم (ونُفِخَ فِي الصُّورِ فَصَعِقَ مَنْ فِي السَّمُواتِ وَمَنْ فِي الأَرْضِ إِلاَّ مَنْ شَاءَ اللَّهُ ثُمَّ نُفِخَ فِيهِ أُخْرَى فَإِذَا هُمْ قِيَامٌ يَنْظُرُونَ) فَي السَّمُواتِ وَمَنْ فِي الأَرْضِ إِلاَّ مَنْ شَاءَ اللَّهُ ثُمَّ نُفِخَ فِيهِ أُخْرَى فَإِذَا هُمْ قِيَامٌ يَنْظُرُونَ) فَا السَّمُواتِ وَمَنْ فِي الْأَرْضِ إِلاَّ مَنْ شَاءَ اللَّهُ ثُمَّ نُفِخَ فِيهِ أُخْرَى فَإِذَا هُمْ قِيَامٌ يَنْظُرُونَ) فَأَكُونُ أُوّلَ مَنْ رَفَعَ رَأْسَهُ فَإِذَا مُوسَى آخِذٌ بِقَائِمَةٍ مِنْ قَوَائِمِ الْعَرْشِ فَلاَ أَدْرِي أَرَفَعَ رَأْسَهُ قَبْلِي أَوْ كَانَ مِمَّنِ اسْتَقْنَى اللَّهُ وَمَنْ قَالَ أَنَا خَيْرٌ مِنْ يُونُسَ بْنِ مَتَى فَقَدْ كَذَبَ " . وَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيتٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

৩২৪৪. আবৃ কুরায়ব (রহঃ) আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত। মদীনার বাজারে (কোন এক প্রসঙ্গে) জনৈক ইয়াহূদী বললঃ না, ঐ সত্তার কসম, যিনি মূসা (আঃ) কে সব মানুষের মাঝে নির্বাচিত করেছেন তখন জনৈক আনসারী মুসলিম হাত তুলে তার মুখে এক থাপ্পড় মেরে বললেনঃ আমাদের মাঝে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রয়েছেন আর তুই এ কথা বলছিস? রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (এই কথা শুনে) বললেনঃ

ونُفِخَ فِي الصُّورِ فَصَعِقَ مَنْ فِي السَّمَوَاتِ وَمَنْ فِي الأَرْضِ إِلاَّ مَنْ شَاءَ اللَّهُ ثُمَّ نُفِخَ فِيهِ أُخْرَى فَإِذَا هُمْ قِيَامٌ يَنْظُرُونَ

আর শিঙ্গায় ফুৎকার দেওয়া হবে ফলে যাদেরকে আল্লাহ্ ইচ্ছা করেন তারা ত্যতীত আকাশমন্ডলী ও পৃথিবীর সবই মূর্ছিত হয়ে পড়বে। তারপর আবার শিঙ্গায় ফুৎকার দেওয়া হবে। তৎক্ষণাৎ তারা দন্ডায়মান হয়ে তাকাতে থাকবে। (সূরা যুমার ৩৯% ৬৮)। আমিই প্রথম আমার মাথা তুলব। মূসাকে দেখব আরশের পায়াগুলোর একটি ধরে



আছেন। জানি না, তিনি কি আমার পূর্বে তাঁর মাথা তুলেছেন না যাদেরকে আল্লাহ্ তা'আলা ব্যত্যয়ী করেছেন তিনিও তাদের অন্তর্ভূক্ত। যে ব্যক্তি বলল, আমি ইউনুস ইবন মাতা থেকেও উত্তম সেও তো ঠিক বলল না। হাসান সহীহ, তাখরীজুত তাহাবিয়া ১৬২, বুখারি, তিরমিজী হাদিস নম্বরঃ ৩২৪৫ [আল মাদানী প্রকাশনী] (আবু ঈসা বলেন)হাদীসটি হাসান-সহীহ।

English

Narrated Abu Hurairah:

"In the market of Al-Madinah, a Jew said 'No! By the One who chose Musa above all humans." He said: "A man from the Ansar raised his hand and struck him in his face. He said 'You say this while Allah's Prophet () is among us?' So the Messenger of Allah () said 'And the Trumpet will be blown, and all who are in the heavens and all who are on the earth will swoon away, except him whom Allah wills. Then it will blown another time and behold, they will be standing, looking on (39:68). So I shall be the first to raise his head and there will be Musa holding on to one of the supports of the Throne. So I will not know if he raised his head before me, or if he was one of those whom Allah made the exception for. And whoever says: 'I am better than Yunus bin Matta, then he has indeed lied.'"

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন